# চট্টগ্রাম, বরিশাল, দিনাজপুর বোর্ড ২০১৭

## সমাজবিজ্ঞান দ্বিতীয় পত্র

বিষয় কোড: | ১ | ১ | ৮ |

সময় ঃ ২ ঘণ্টা ৩০ মিনিট — পূর্ণমান—৭০

*দ্রষ্টব্য : দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। মোট সাতটি প্রশ্নের উত্তর দাও।।*

১. ► সুমন যে বিষয় নিয়ে বিশ্ববিদ্যালয়ে পড়ছিল সেখানে সমাজের সামগ্রিক দিক নিয়ে আলোচনা ছিল, যেমন— পরিবার, বিবাহ, রাষ্ট্র, ক্ষমতা, সামাজিক রীতি-নীতি, সামাজিক সমস্যা ইত্যাদি। তাই সুমন তার অর্জিত জ্ঞান গ্রামের সার্বিক উন্নয়নে কাজে লাগানোর জন্য গ্রামে গেল। কিন্তু কাজের শুরুতেই সমাজের মানুষের অশিক্ষা-কুশিক্ষা, অসচেতনতা এবং ক্ষমতার দম্ভ তাকে বাধাগ্রস্ত করল। তবু দমে না গিয়ে সে তার অর্জিত জ্ঞান দিয়ে যুবকদের সচেতন করে তুলল। কারণ সে ভেবেছে, এই জ্ঞানই মানুষকে সচেতন করে তুলবে এবং সামাজিক সমস্যা সমাধানে তা কার্যকর হবে।

ক. কত সালে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে স্বতন্ত্র বিভাগ হিসেবে সমাজবিজ্ঞান আত্মপ্রকাশ করে? ১

খ. "সমাজবিজ্ঞান হচ্ছে সামাজিক সম্পর্কের বিজ্ঞান"— বুঝিয়ে লেখ। ২

গ. সুমনের পঠিত বিষয়টির বাংলাদেশে গোড়াপত্তনের ক্ষেত্রে ইউনেস্কোর ভূমিকা উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ. সুমনের ভাবনা বাংলাদেশে সমাজবিজ্ঞান পাঠের প্রয়োজনীয়তার গুরুত্বকেই তুলে ধরে— বিশ্লেষণ কর। ৪

২. ► রতনপুর গ্রামের অধিকাংশ মানুষই অশিক্ষিত। চিকিৎসার জন্য এখানকার মানুষ ঝাড়-ফুঁক, তাবিজ-কবজের উপরই বেশি নির্ভরশীল। সরকার তাদের স্বাস্থ্য সেবা নিশ্চিত করার জন্য একটি আধুনিক হাসপাতাল নির্মাণ করে দেয়। কিন্তু গ্রামের মানুষের বেশিরভাগই "আগের চিকিৎসা ব্যবস্থাতেই ভালো হয়"— এই বিশ্বাসে অটল। হাসপাতালের ডাক্তাররা বোঝাতে চাইলেও তারা পুরোনো বিশ্বাস বদলাতে চায় না।

ক. সংস্কৃতির ইংরেজি প্রতিশব্দটি কোন শব্দ থেকে এসেছে? ১

খ. সংস্কৃতি সর্বত্র বিরাজমান— ব্যাখ্যা কর। ২

গ. গ্রামের মানুষের বদলাতে না চাওয়া বিষয়টি কোন ধরনের সংস্কৃতিকে নির্দেশ করে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের রতনপুর গ্রামের চিত্র যেন অগবার্নের তত্ত্বেরই বাস্তব প্রতিচ্ছবি। তুমি কি একমত? উত্তরের স্বপক্ষে যুক্তি দাও। ৪

Teachingbd24.com

https://teachingbd24.com

৩. ▶ সুখেন দাস তার জীবিকার প্রয়োজনে হাঁস-মুরগি, গরু-ছাগল লালন পালন করে। এর পাশাপাশি তার নিজের জমিতে ধান, গম, ভুট্টাসহ বিভিন্ন ফসল উৎপাদন করে থাকে। এটিই তার পেশা। তার স্ত্রী সংসারের কাজের ফাঁকে স্বামী ও সন্তানের মঙ্গল কামনায় বিভিন্ন দেবতার উপাসনা করে থাকে যা তার কাছে খুবই পছন্দের কাজ।

ক. চাকার আবিষ্কার হয় কোন যুগে? ১

খ. ময়নামতি প্রত্নতাত্ত্বিক নিদর্শনে কোন ধর্মের প্রভাব পরিলক্ষিত হয়? বুঝিয়ে বল। ২

গ. উদ্দীপকে সুখেন দাসের স্ত্রীর পছন্দের কাজটির সাথে সিন্ধু সভ্যতার সমাজ জীবনের কোন দিকটির মিল লক্ষ করা যায়? ব্যাখ্যা কর। ৩

ঘ. সুখেন দাসের পেশা সিন্ধু সভ্যতার অর্থনৈতিক ব্যবস্থারই প্রতিচ্ছবি। তুমি কি একমত? উত্তরের সপক্ষে যুক্তি তুলে ধর। ৪

৪. ▶ মৌরিন একজন পেশাদার খ্যাতিমান নৃত্যশিল্পী। তার প্রিয় নাচের মধ্যে অন্যতম হলো "শাহ্-ভারা-ভারা।" কিছুদিন পূর্বে সে 'লোংগুক্তোর' নামে নতুন একটি নাচ শিখেছে, যা সে সিলেট গিয়ে "রেথনিয়াং নৃত্য" নামক একটি উৎসবে দেখেছিল।

ক. নৃগোষ্ঠী কী? ১

খ. গারোদের অর্থনৈতিক ব্যবস্থা কেমন? বুঝিয়ে বল। ২

গ. উদ্দীপকের মৌরিনের নতুন করে শেখা নাচটি বাংলাদেশের কোন ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাথে সম্পর্কিত? ব্যাখ্যা কর। ৩

ঘ. মৌরিনের প্রিয় নাচটি বাংলাদেশের একটি ক্ষুদ্র নৃগোষ্ঠীকে বিশেষভাবে পরিচিত করেছে। যুক্তিসহ বিশ্লেষণ কর। ৪

৫. ▶ যতিন বাবু এবং শফিক সাহেব একই অফিসে চাকরি করেন। যতিন বাবুর জন্ম ১৯৪৮ সালে এবং শফিক সাহেবের জন্ম ১৯৫২ সালে। বয়স এবং ধর্মের পার্থক্য থাকলেও তাদের মধ্যে গভীর বন্ধুত্ব গড়ে ওঠে। ১৯৭১ সালে তারা এক সাথে না থাকলেও ঐ সময়কালে একই ধরনের ঘটনার সম্মুখীন হওয়ার অভিজ্ঞতা রয়েছে, যা তারা নিজেদের মধ্যে মাঝে মাঝে শেয়ার করেন।

ক. ছয়-দফা কত সালে উত্থাপন করা হয়? ১

খ. জাতীয়তাবাদ বলতে কী বুঝ? ২

গ. যতিন বাবু এবং শফিক সাহেবের জন্ম সাল আমাদের কোন আন্দোলনের কথা মনে করিয়ে দেয়? ব্যাখ্যা কর। ৩

ঘ. যতিন বাবু ও শফিক সাহেবের একই ধরনের অভিজ্ঞতার সময়কালটি ছিল আমাদের দেশের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। তুমি কি একমত? যুক্তিসহ মূল্যায়ন কর। ৪

Teachingbd24.com

https://teachingbd24.com

৬. ► আসলিমা একটি বস্তিতে স্বামী নিয়ে বসবাস করে। পোশাক তৈরির কারখানায় সে কাজ করে। কোনো রকমে তার দিন চলে যায়। তার ছোট ভাই রফিককেও তার কাছে এনে রাখতে চেয়েছিল। কিন্তু সে রাজি নয়, কারণ মাঠে ফসল ফলানোতেই সে বেশি আনন্দ পায়।

ক. জনসংখ্যার ঘনত্ব কোন সমাজে বেশি? ১

খ. প্রান্তিক চাষি বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকের আসলিমা যে সমাজে বসবাস করে সেই সমাজের মানুষের জীবন-জীবিকা ব্যাখ্যা কর। ৩

ঘ. রফিকের বসবাসকৃত সমাজের পরিবর্তনশীল অর্থনৈতিক ব্যবস্থার স্বরূপ বিশ্লেষণ কর। ৪

৭. ► শিফাত সাহেব অনেকদিন ধরে শহরে একটি বাণিজ্যিক প্রতিষ্ঠানে কাজ করে। গ্রামে তার আরও তিন ভাই এবং মা-বাবা রয়েছে। তার প্রিয় বন্ধু মিরাজের সহযোগিতায় সে তার ভাইদেরকে শহরে এনে মোটা বেতনে চাকরির ব্যবস্থা করে। তাই সে নিজেকে খুব সুখী ভাবে। কিন্তু গ্রামে পড়ে থাকা তার বৃদ্ধ মা-বাবার জন্য তার মন কাঁদে।

ক. বিধবা বিবাহ কী? ১

খ. নয়াবাস পরিবার বলতে কী বুঝ? ২

গ. উদ্দীপকের শিফাত ও মিরাজ কোন ধরনের জ্ঞাতি বন্ধনে আবদ্ধ? ব্যাখ্যা কর। ৩

ঘ. শিফাত সাহেবের যৌথ পরিবার ভেঙে যাওয়ার একমাত্র কারণ কোনটি বলে তুমি মনে কর? মতামত দাও। ৪

৮. ► নাসির এবং তার আরও দুজন বন্ধু কৃষি বিষয়ে উচ্চ শিক্ষার জন্য বিদেশে যায়। বিদেশে থাকাকালীন তারা তাদের বাবা-মায়ের সাথে মোবাইল, ফেসবুক, ই-মেইল ইত্যাদির মাধ্যমে প্রতিদিন যোগাযোগ করত। বর্তমানে তারা এদেশে উন্নতজাতের ধান উৎপাদনের জন্য গবেষণা করে দেশকে খাদ্যে স্বয়ংসম্পূর্ণ করার কাজে নিয়োজিত রয়েছে।

ক. সামাজিক পরিবর্তন কী? ১

খ. স্পেন্সারের প্রগতির ধারণা ব্যাখ্যা কর। ২

গ. নাসির ও তার বন্ধুদের তাদের বাবা-মায়ের সাথে যোগাযোগ করতে পারা কোন ধরনের সামাজিক পরিবর্তনের প্রভাব? ব্যাখ্যা কর। ৩

ঘ. নাসির ও তার বন্ধুদের উচ্চ শিক্ষা শেষে বর্তমান কার্যক্রম শিল্পায়নেরই প্রভাব। তুমি কি একমত? যুক্তিসহ বিশ্লেষণ কর। ৪

https://teachingbd24.com

৯. ▶ ঘটনা-১: রাকিব বি.এ পাস করেছে পাঁচ বছর ধরে কোনো কাজের ব্যবস্থা করতে পারেনি।

ঘটনা-২: রকিব নেশাজাত দ্রব্য গ্রহণ করে নেশাগ্রস্ত হয়ে থাকে। যখন নেশার টাকা সংগ্রহ করতে পারে না, তখন চুরি ছিনতাই খুন করতেও দ্বিধাগ্রস্ত হয় না।

ক. শব্দ দূষণ কী? ১

খ. জলবায়ু পরিবর্তন বলতে কী বুঝ? ২

গ. ঘটনা-১ কোন ধরনের সামাজিক সমস্যাকে নির্দেশ করে? ব্যাখ্যা কর। ৩

ঘ. ঘটনা-২ এর অন্যতম কারণ ঘটনা-১। তুমি কি একমত? যুক্তিসহ বিশ্লেষণ কর। ৪

১০. ▶ সুমাইয়া অষ্টম শ্রেণিতে পড়া অবস্থায় তার পিতা আবিদ মিয়া তাকে বিয়ে দেন। বিয়ের সময় পাত্রের বাবা মজিদ মিয়ার দাবী অনুযায়ী নগদ পঞ্চাশ হাজার টাকা ও টেলিভিশন দিতে আবিদ মিয়া বাধ্য হন। বছর খানেক পরে আবিদ মিয়া খবর পান তার মেয়ে প্রথম সন্তান জন্ম দিতে গিয়ে মৃত্যুবরণ করেছে।

ক. NGO-এর পূর্ণরূপ কী? ১

খ. পুঁজিবাদ কী? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের মজিদ মিয়ার দাবী করা বিষয়টি কোন ধরনের সামাজিক সমস্যা? ব্যাখ্যা কর। ৩

ঘ. সুমাইয়ার মৃত্যুর 'কারণ' মূলত একটি সামাজিক ব্যাধি। তুমি কি একমত? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

১১. ▶ মিসেস আমিনা এবং মুনির সাহেব দুটি আলাদা প্রতিষ্ঠানের প্রধান ব্যক্তি। দেশি-বিদেশী বিভিন্ন উৎস থেকে টাকা সংগ্রহ করে মিসেস আমিনা গ্রামীণ দরিদ্র নারীদের আর্থ-সামাজিক উন্নয়নে ব্যবহার করেন। অন্যদিকে মুনির সাহেব গরীব, অশিক্ষিত ও অসহায় মানুষের কল্যাণে কাজ করেন, যা বিভিন্ন মন্ত্রণালয় থেকে সরাসরি মনিটরিং করা হয়।

ক. গ্রামীণ ব্যাংক কোন ধরনের সংস্থা? ১

খ. 'কুমিল্লা মডেল'— বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকের মিসেস আমিনা কোন ধরনের প্রতিষ্ঠানে কাজ করেন? তোমার পাঠ্যবইয়ের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ. বাংলাদেশের আর্থ-সামাজিক উন্নয়নে মিসেস আমিনা ও মুনির সাহেবদের প্রতিষ্ঠান একসাথে কাজ করলে সর্বাধিক সাফল্য অর্জিত হবে। তুমি কি একমত? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

Teachingbd24.com

# সমাজবিজ্ঞান দ্বিতীয় পত্র

বিষয় কোড: | ১ | ১ | ৮ |

সময়- ৩০ মিনিট বহুনির্বাচনি প্রশ্ন পূর্ণমান: ৩০

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হইতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে]

১. বাংলাদেশের শহর ক্ষমতা কাঠামোর অন্যতম প্রকৃতি কোনটি?
ক) সম্পত্তি খ) শিক্ষা
গ) পেশা ঘ) জেন্ডার

২. বাংলাদেশের সামাজিক উন্নয়নের মূল ধাপ হচ্ছে—
ক) দেশের জনগণের উন্নয়ন
খ) বেসরকারি সংস্থার উন্নয়ন
গ) অবকাঠামোগত উন্নয়ন
ঘ) কারিগরি শিক্ষার উন্নয়ন

৩. নৃবিজ্ঞানী লুইস হেনরী মর্গানের মতে, জ্ঞাতি সম্পর্ক কত প্রকার?
ক) দুই প্রকার খ) তিন প্রকার
গ) চার প্রকার ঘ) পাঁচ প্রকার

৪. বর্তমানে মাদকাসক্তি কিরূপ সমস্যা হিসেবে পরিগণিত?
ক) আন্তর্জাতিক খ) জাতীয়
গ) আঞ্চলিক ঘ) স্থানীয়

৫. যে প্রক্রিয়া একটি লক্ষ্যে সমগ্র পৃথিবীকে একই পরিবারভুক্ত করে—
ক) শিল্পায়ন খ) নগরায়ণ
গ) বিশ্বায়ন ঘ) তথ্য-প্রযুক্তি

৬. Unempolhyment-এর বাংলা প্রতিশব্দ কী?
ক) বেকারত্ব খ) বেকার সমস্যা
গ) নিরক্ষরতা ঘ) অক্ষমতা

নিচের উদ্দীপকটি পড়ে ৭ ও ৮ নং প্রশ্নের উত্তর দাও:
বাসু সরেন সব সময় মঙ্গলের জন্য সূর্যকে পূজা করেন। তার মতে, বিশ্বব্রহ্মাণ্ডের সৃষ্টিকর্তা হলো ঠাকুর জিউ আর আঞ্চলিক দেবতা মারাংবুরু।

৭. উদ্দীপকে বাসু সরেন কোন নৃগোষ্ঠীর অন্তর্ভুক্ত?
ক) চাকমা খ) সাঁওতাল
গ) গারো ঘ) মারমা

৮. উক্ত নৃগোষ্ঠী অন্ত্যেষ্টিক্রিয়া সম্পন্ন করে মৃতদেহ আগুনে পুড়িয়ে, কারণ—
i. স্বর্গ-নরকের প্রতি বিশ্বাস
ii. আত্মার শান্তির জন্য
iii. সামাজিক রীতিনীতির জন্য
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৯. প্রবীণ সমাজে ঐতিহ্য ও ঐক্য পরিলক্ষিত হয়—
ক) জ্ঞাতি সম্পর্কের জন্য
খ) সহানুভূতির জন্য
গ) সহজ-সরল মানুষের জন্য
ঘ) যৌথ পরিবারের জন্য

১০. 'অপারেশন সার্চ লাইট' হলো—
ক) নিরস্ত্র নিরীহ পাকিস্তানীদের ওপর হামলা
খ) নিরস্ত্র নিরীহ বাঙালিদের ওপর হামলা
গ) পাকিস্তানী শাসক গোষ্ঠীর অপারেশন
ঘ) বাঙালি ও পাকিস্তানীদের যুদ্ধ

১১. বাংলাদেশে সমাজবিজ্ঞান পাঠের প্রয়োজনীয়তার উপযুক্ত কারণ হলো—
i. বাংলাদেশের সমাজ, সভ্যতা ও সংস্কৃতি সম্পর্কে জানার জন্য
ii. বাংলাদেশের পরিবার, বিবাহ ও সামাজিক সমস্যা সম্পর্কে জানার জন্য
iii. বাংলাদেশের অতীত ইতিহাস সম্পর্কে জানার জন্য
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

১২. 'আমার কাছে উন্নয়ন মানে হচ্ছে দেশের অধিকাংশ মানুষের আয় অথবা সম্পদ বৃদ্ধির প্রক্রিয়া'— উক্তিটি কার?
ক) এডাম স্মিথ খ) ড. মুহাম্মদ ইউনূস
গ) কার্ল মার্কস ঘ) ডাডলি সিয়ার্স

১৩. বাংলাদেশ পল্লি উন্নয়ন একাডেমী (BARD)-এর প্রতিষ্ঠাতা কে?
ক) স্যার ফজলে হাসান আবেদ
খ) শফিকুল ইসলাম
গ) ড. হোসনে আরা
ঘ) ড. আখতার হামিদ খান

১৪. পাহাড়পুরে আবিষ্কৃত বেশিরভাগ মুদ্রাই—
ক) অষ্টম শতাব্দীর খ) ত্রয়োদশ শতাব্দীর
গ) পঞ্চদশ শতাব্দীর ঘ) ষোড়শ শতাব্দীর

১৫. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কত সালে জন্মগ্রহণ করেন?
ক) ১৯১৬ সাল খ) ১৯১৮ সাল
গ) ১৯২০ সাল ঘ) ১৯২৩ সাল

নিচের উদ্দীপকটি পড়ে ১৬ ও ১৭ নং প্রশ্নের উত্তর দাও:
১ বছর বয়সী হবির বাবা সড়ক দুর্ঘটনায় মৃত্যুবরণ করলে হবির মা হবির চাচাকে বিয়ে করেন।

১৬. উদ্দীপকে হবির মায়ের বিবাহ রীতিকে কী বলে?
ক) অন্তর্বিবাহ খ) বহির্বিবাহ
গ) সরোরেট ঘ) লেভিরেট

১৭. উক্ত বিবাহের কারণ হলো—
i. সম্পত্তি রক্ষণাবেক্ষণের জন্য
ii. সন্তান-সন্ততি লালন পালনের জন্য
iii. সুন্দরী রমণী লালসার শিকার
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

https://teachingbd24.com

১৮. 'আম্পিক' ও 'দামনানী' নামে গোত্র দুটি যে নৃ-গোষ্ঠীর অন্তর্ভুক্ত—
ক) চাকমা খ) রাখাইন
গ) গারো ঘ) মণিপুরি

১৯. বাংলাদেশের সংস্কৃতির বিদ্যমান রূপ হলো—
i. গ্রামীণ সংস্কৃতি
ii. বস্তুগত ও অবস্তুগত সংস্কৃতি
iii. নগর সংস্কৃতি
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

২০. নব্য প্রস্তর যুগ বা নবোপলীয় যুগের সূচনা হয় কত খ্রিষ্ট পূর্বে?
ক) ৪,০০০ অব্দে
খ) ৫,০০০ অব্দে
গ) ৬,০০০ অব্দে
ঘ) ৭,০০০ অব্দে

নিচের উদ্দীপকটি পড়ে ২১ ও ২২ নং প্রশ্নের উত্তর দাও:
শীতের ছুটিতে অপু তার বন্ধু-বান্ধবীর সাথে কুমিল্লার একটি পাহাড়ি অঞ্চলে বেড়াতে যায়। সেখানে খ্রিষ্টীয় অষ্টম শতকী পর্যন্ত বৌদ্ধ সংস্কৃতি ও সভ্যতার বিকাশ ঘটেছিল।

২১. উদ্দীপকে অপুর বেড়াতে যাওয়া সভ্যতাটি পাঠ্যপুস্তকের কোন সভ্যতাকে ইঙ্গিত করে?
ক) মহাস্থানগড় খ) উয়ারি-বটেশ্বর
গ) পাহাড়পুর ঘ) ময়নামতি

২২. উক্ত সভ্যতাটির ঐতিহাসিক গুরুত্ব হলো—
i. এ যুগের সমাজ ও সংস্কৃতি ছিল প্রধানত ধর্ম দ্বারা প্রভাবিত
ii. ধ্বংসাবশেষ-এ মন্দির ও বিহারই বেশি ছিল
iii. স্থানীয় নৃপতিরা মন্দির তৈরিতে অবদান রেখেছিল
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

২৩. Culture শব্দটি সর্বপ্রথম ব্যবহার করেন কে?
ক) জোনস খ) ই.বি.টেইলর
গ) ম্যাকাইভার ঘ) ফ্রান্সিস বেকন

২৪. গ্রাম ও শহরের স্তরবিন্যাসের ক্ষেত্রে যে উপাদানগুলো অপরিহার্য—
i. পেশা ও আয়
ii. ভূমি ও বংশমর্যাদা
iii. ক্ষমতা ও মর্যাদা
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

২৫. খাসিয়া নৃগোষ্ঠীর পুঞ্জিপ্রধানকে কী বলে?
ক) রাজা খ) হেডম্যান
গ) মন্ত্রী ঘ) কারবারী

নিচের উদ্দীপকটি পড়ে ২৬ ও ২৭ নং প্রশ্নের উত্তর দাও:
মেনুন নেছার বয়স ৬৫ বছর। এই বৃদ্ধ বয়সে পাশে কেউ নেই। ছেলে-মেয়ে, নাতি-নাতনী সবাই বিদেশে। তবে প্রতিদিন মেনুন নেছার সাথে মোবাইলে ভিডিও কলের মাধ্যমে ছেলে-মেয়ে, নাতি-নাতনীর সাথে কথা হয়

২৬. উদ্দীপকে বাংলাদেশের সমকালীন সমাজে কিরূপ পরিবর্তনের ইঙ্গিত রয়েছে?
ক) সামাজিক পরিবর্তন
খ) মনস্তাত্ত্বিক পরিবর্তন
গ) প্রযুক্তিগত পরিবর্তন
ঘ) ধর্মীয় পরিবর্তন

২৭. উক্ত পরিবর্তনের ফলে—
i. যোগাযোগ সহজতর হয়েছে
ii. কৃষিক্ষেত্রে পরিবর্তন হয়েছে
iii. শিল্পের প্রসার বৃদ্ধি পেয়েছে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

২৮. ১৯৭০ সালের নির্বাচনে আওয়ামী লীগ প্রাদেশিক পরিষদে কতটি আসন পায়?
ক) ১৬৭ খ) ১৮৮
গ) ২৭৮ ঘ) ২৮৮
মুদ্রণ: সঠিক উত্তর: ২৯৮।

২৯. নব্য প্রস্তর যুগের বৈশিষ্ট্য হলো—
i. পর্যাপ্ত খাদ্য উৎপাদন ব্যবস্থা
ii. আগুনের বহুমুখী ব্যবহার
iii. বিনিময় প্রথার উদ্ভব
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৩০. 'আকবরনামা' গ্রন্থের লেখক কে?
ক) আল-বেরুনী খ) সম্রাট আকবর
গ) আবুল ফজল
ঘ) রাজা রামমোহন রায়

**উত্তর**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ক | ২ | ক | ৩ | ক | ৪ | ক | ৫ | গ | ৬ | ক | ৭ | খ | ৮ | ক | ৯ | ক | ১০ | খ | ১১ | ক | ১২ | খ | ১৩ | ঘ | ১৪ | ঘ | ১৫ | গ |
| ১৬ | ঘ | ১৭ | ক | ১৮ | গ | ১৯ | খ | ২০ | ঘ | ২১ | ঘ | ২২ | ঘ | ২৩ | ঘ | ২৪ | ক | ২৫ | গ | ২৬ | গ | ২৭ | ঘ | ২৮ | | ২৯ | ঘ | ৩০ | গ |

https://teachingbd24.com